## (খ) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড; মোংলা বন্দর শিল্প এলাকা, মোংলা, বাগেরহাট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ক্রুড সয়াবিন তেল হতে পরিশোধিত সয়াবিন তেল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, শুন সিং এডিবল অয়েল লিমিটেড (সম্প্রসারণ প্রকল্প) এর অনুকূলে গত ২৩/০৭/২০১৮ তারিখের অবস্থানগত ছাড়পত্র নম্বর: ১৮-০৮৪৫১ এবং বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড-এর অনুকূলে গত ০৩/০৬/২০১২ তারিখে পরিবেশ/খুবি/ছাড়পত্র/১০/৭১৫৮/১৮৭৫ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক শুন সিং এডিবল অয়েল লিমিটেড ও বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড একিভূত করে **বাংলাদেশ এডিবল অয়েল লিমিটেড** এর অনুকূলে বাগেরহাট জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১০০০ মেট্রিক টন ক্রুড সয়াবিন তেল হতে পরিশোধিত সয়াবিন তেল প্রস্তুত কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

গ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য দৈনিক ২৪০ ঘনমিটার/দৈনিক ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Oil & Grease, pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering System যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ঠ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঢ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ণ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

থ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **মানতা এ্যাপারেলস লিমিটেড; (ঝুট বয়লার), জামগড়া, ইয়ারপুর, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্টিম উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র প্রতি ঘন্টায় ৩ টন ক্ষমতাসম্পন্ন ঝুট বয়লারের জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) বয়লারের জ্বালানী হিসাবে পরিত্যাক্ত কাপড়ের টুকরা কিংবা বায়োমাস বর্জ্য ব্যবহার করতে হবে। কয়লা ও প্লাস্টিক বা কোন বিপজ্জনক বর্জ্য বা দ্রব্য (Hazardous waste or materials) পুড়ানো যাবেনা।

গ) বয়লারের জ্বালানী দহনের ফলে সৃষ্ট বায়বীয় দূষণ নিয়ন্ত্রণের জন্য স্থাপিত Dust Collector কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঘ) ঝুট দহনের ফলে সৃষ্ট গ্যাসীয় নিঃসরণ (Particulate Matters, $SO_2$, $NO_x$ HCl, Hg, Cd, এবং CO) মাত্রা কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১-এর তফসিল-২ এর (গ) ২ এ উল্লিখিত মানদন্ডের মধ্যে হতে হবে। যে কোন সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানদন্ড অতিক্রম হতে পারবে না।

ঙ) বয়লারের গ্যাসীয় নিঃসরণের জন্য চিমনীর উচ্চতা কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১-এর তফসিল-২ এর (গ) ১ এ উল্লিখিত উচ্চতা অনুসরণ করতে হবে।

চ) বর্জ্য ইনসিনারেশনের ফলে সৃষ্ট ছাই (Fly ash) পরিবেশসম্মতভাবে সংরক্ষণ ও অপসারণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক নবায়নের সময় দাখিল করতে হবে।

ছ) EMP প্রতিবেদনে সুপারিশকৃত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

জ) প্রতি ছয় মাস অন্তর অন্তর প্লান্টের গ্যাসীয় নিঃসরণ (Particulate Matters) গুণগতমানের বিশ্লেষিত ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঝ) প্রতিষ্ঠানের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) প্রতিষ্ঠানটিতে কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ট) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ঠ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ড) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **আর. ডি ইন্ডাস্ট্রিজ লিমিটেড; পটকা, গোসিংগা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পাইরোলাইটিক অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র টায়ার পাইরোলাইসিসের মাধ্যমে মাসিক ৬ টন পাইরোলাইটিক অয়েল, ৭ টন কার্বন পাওডার প্রস্তুতকারী কারখানা পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) রিয়্যাক্টরে প্রাথমিক তাপের জন্য কাঠ ব্যবহার করা যাবে না। পাইরোগ্যাস অথবা কোনো তরল জ্বালানী ব্যবহার করতে হবে।

গ) অতিরিক্ত পাইরোগ্যাস পরবর্তীতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। সংরক্ষণ অনুপযোগী গ্যাস Alkaline scrubber এর হয়ে ন্যূনতম ৫০ ফুট উচ্চতার চিমনির মাধ্যমে Flare করতে হবে।

ঘ) রিয়্যাক্টরের তাপমাত্রা এবং চাপ পরিমাপ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা (Interlock) কার্যকরভাবে চালু রাখতে হবে।

ঙ) রিয়্যাক্টরের অভ্যন্তরে অতিরিক্ত তাপ ও চাপ নিয়ন্ত্রণের জন্য Auto shut down valve এর ব্যবস্থা অথবা Programme Logic Controller (PLC) ইউনিট স্থাপন করতে হবে। স্টিলওয়্যার, ব্ল্যাক কার্বন রিয়্যাক্টর হতে বের করার পূর্বে রিয়্যাক্টরে নাইট্রোজেন গ্যাস দিয়ে Purging করতে হবে।

চ) Fugitive Emission রোধের জন্য রিয়্যাক্টরের যথাযথ Sealing নিশ্চিত করতে হবে।

ছ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে রিয়্যাক্টর হতে Steel wire/scrap এবং Black Carbon (Char) অপসারণকালে রিয়্যাক্টরের Feeding door-এ ব্যাগ ফিল্টারযুক্ত Suction hood/ Industrial dust collector স্থাপন করতে হবে।

জ) আগামী ৬ (ছয়) মাসের মধ্যে যান্ত্রিক পদ্ধতিতে রিয়্যাক্টর হতে Black Carbon (Char) সংগ্রহপূর্বক স্বয়ংক্রিয়ভাবে পুরু প্লাস্টিকের ব্যাগে ফিলিং করার ব্যবস্থা গড়ে তুলতে হবে।

ঝ) কারখানার অভ্যন্তরে Fugitive emission প্রতিরোধে সার্বক্ষণিক পানি ছিটানোর ব্যবস্থা রাখতে হবে।

ঞ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্যের নির্গমণ ও গ্যাসীয় নিঃসরণ এবং বস্তুকনার নিঃসরণ নির্গমন যথাক্রমে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ ও বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে হতে হবে। যে কোনো সময় তাৎক্ষণিক সংগৃহীত নমুনায় এই মানমাত্রা অতিক্রম হতে পারবে না। কোনো সময় দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউনিট বন্ধ করতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করে বিধিবদ্ধ মানমাত্রা নিশ্চিতকরণ সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা হবে।

ট) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত ও পরবর্তীতে বাস্তবায়িত সকল মিটিগেশন মেজার্স সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ঠ) উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বায়বীয় বর্জ্য নিয়ন্ত্রণের জন্য স্থাপিত বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

ড) কারখানার কার্যক্রম চালু করার জন্য বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স গ্রহণ করতে হবে।

ঢ) কারখানার অভ্যন্তরে পর্যাপ্ত ভেন্টিলেশনের ব্যবস্থা চালু রাখতে হবে এবং হাইড্রোকার্বন মনিটর দিয়ে প্রতিষ্ঠানটিতে সার্বক্ষণিক Ambient HC মনিটরিং করতে হবে।

ণ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ত) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

থ) কারখানা চত্বরের উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

দ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ধ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ন) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **ওয়াশ পয়েন্ট লিমিটেড; বাংলাবাজার রোড, ভাওয়াল মির্জাপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৯.৫ টন রেডিমেড গার্মেন্টস ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৪০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **কালার ওয়ার্ল্ড; টেপিরবাড়ি, টেংরা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা থেকে নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১০ টন স্ক্রিন প্রিন্টিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, $BOD_5$, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

## (গ) ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **Study for Investigation of Integrated Flood and River Management and Drainage Improvement Measures in Little Feni and Bamni River basins by Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নদী খনন, ভরাট, স্লুইচ গেট নির্মাণ, রেগুলেটর নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

২. **Two (02) Appraisal Well (Semutang-7 & Begumganj-7) and One (01) Exploration Well (Charlakshya-1) Drilling project by BAPEX** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্রাকৃতিক গ্যাসকূপ খনন ও অনুসন্ধান): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত

আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

৩. **Twenty-Three Silica Sand Quarries in the Habiganj District by Bureau of Mineral Development** (শিল্প/প্রকল্প কার্যক্রম: খনিজ বালু উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, সংশোধিত ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

৪. **গাওমি গার্মেন্টস লিমিটেড; মল্লিকবাড়ি, ভালুকা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডাইং, নিটিং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

৫. **Rehabilitation of Muhuri-Kahua Flood Control, Drainage and Irrigation Project in Feni District by Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নদী তীর প্রতিরক্ষা বাঁধ, নদী পুনঃখনন, বাঁধ নির্মাণ, বিদ্যমান): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

৬. **Improvement of Cumilla (Mainamati)–Brahmanbaria (Dharkhar) National Highway as 4-Lane National Highway Project by Roads and Highways Department** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জাতীয় মহাসড়ক উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

## (ঘ) অবস্থানগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **জেনুইন লীফ টোব্যাকো লিমিটেড; দশমাইল, বাহিরচর, ভেড়ামারা, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: তামাক পাতা প্রসেসিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে কুষ্টিয়া জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ কারখানায় স্বয়ংক্রিয় পদ্ধতিতে দৈনিক সর্বোচ্চ ৭ টন তামাকপাতা প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপনের জন্য এ ছাড়পত্র প্রযোজ্য।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) আইইই প্রতিবেদনে দাখিলকৃত স্পেসিফিকেশন অনুযায়ী কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট ডাস্ট নিয়ন্ত্রণের জন্য Air Pollution System স্থাপন করতে হবে।

ঘ) তামাকের দুর্গন্ধ (Odour) নিরসনকল্পে উপযুক্ত প্রযুক্তির যন্ত্রপাতি স্থাপন করতে হবে।

ঙ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

চ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ছ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

জ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ঝ) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঞ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ট) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **ইউরো প্যাসিফিক টোবাকো; দক্ষিণ কারারচর, শিবপুর, নরসিংদী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: প্রক্রিয়াকৃত তামাক হতে সিগারেট প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে নরসিংদী জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ কারখানায় স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রক্রিয়াকৃত তামাক হতে দৈনিক সর্বোচ্চ ৩০০০ প্যাকেট সিগারেট প্রস্তুতকারী কারখানা স্থাপনের জন্য এ ছাড়পত্র প্রযোজ্য।

খ) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানায় কোনো তামাক পাতা প্রক্রিয়া করা যাবে না।

ঘ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট ডাস্ট নিয়ন্ত্রণের জন্য Air Pollution System স্থাপন করতে হবে।

ঙ) তামাকের দুর্গন্ধ (Odour) নিরসনকল্পে উপযুক্ত প্রযুক্তির যন্ত্রপাতি স্থাপন করতে হবে।

চ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

ছ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

জ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঝ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ঞ) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ট) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

ঠ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **আরকান এগ্রো ফুড এন্ড বেভারেজ লিমিটেড; দামোদর, ফুলতলা-৯২১০, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বেকারি পণ্য ও জুস প্রস্তুত): ৫২৮তম সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে খুলনা জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র রুটি, বিস্কুট ও জুস প্রস্তুতকারী কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবস্থানগত ছাড়পত্রের আওতায় ভূমি ও অবকাঠামোগত উন্নয়নসহ সকল প্রকার যন্ত্রপাতি স্থাপন করা যাবে। এ ক্ষেত্রে আইইই চেকলিস্টে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ১.৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য পরিশোধনাগার বা ETP'র ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) ETP'র স্লাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ETP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

ঞ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঢ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

৪. **পাওয়ারটেক্স ফ্যাশন লিমিটেড; ন্যাশনাল ইউনিভার্সিটি, গাজীপুর সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ওয়াশিং): ৫২৭তম সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় থেকে নিম্নবর্ণিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

ক) এ অবস্থানগত ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৯৮০০ কেজি ফেব্রিক্স ওয়াশিং কারখানা স্থাপনের জন্য প্রযোজ্য হবে।

খ) অবস্থানগত ছাড়পত্রের আওতায় ভূমি ও অবকাঠামোগত উন্নয়নসহ সকল প্রকার যন্ত্রপাতি স্থাপন করা যাবে। এ ক্ষেত্রে আইইই চেকলিস্টে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

গ) কারখানাটিতে উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিশোধনের জন্য অত্র কার্যালয়ে দাখিলকৃত ড্রইং, ডিজাইন অনুযায়ী ৪০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP নির্মাণ সম্পন্ন করতে হবে।

ঘ) কারখানার তরল বর্জ্য পরিশোধনাগার বা ETP'র ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে।

ঙ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করতে হবে এবং পরিবেশগত ছাড়পত্রের আবেদনের সাথে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

চ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে। কারখানার ETP পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP'র Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

ছ) পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষার জন্য ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী (যেমন: হেলমেট, মাস্ক, ইয়ার মাফলার, বুট) পরিধান করতে হবে।

জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

ঝ) কারখানার শব্দ এবং বায়বীয় বর্জ্যের নিঃসরণ মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২-এ বর্ণিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

ঞ) এই ছাড়পত্রে বর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনাসহ সকল মিটিগেশন মেজারস বাস্তবায়ন করে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।

ট) পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কারখানার উৎপাদন কার্যক্রম শুরু করা যাবে না।

ঢ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

## (ঙ) অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়ন অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **Construction of Dual Gauge Double Line between Joydebpur and ishurdi Section of Bangladesh Railway Project by Bangladesh Railway** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেললাইন নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের অনুকূলে সদর দপ্তর থেকে গত ২৯/০৬/২০২০ তারিখের 22.02.0000.018.72.017.20.125 সংখ্যক স্মারকের মাধ্যমে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ অপরিবর্তিত রেখে পরবর্তী মেয়াদের জন্য পরিবেশগত ছাড়পত্র নবায়নের সুপারিশ গৃহীত হয়।

## (চ) ইটিপি/ এসটিপি/ সিইটিপি নির্মাণ অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **স্ট্যান্ডার্ড ওয়াশ লিমিটেড; বেড়াইদেরচালা, গিলারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে এসটিপি'র নির্মাণ অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য ৩২০ ঘনমিটার/দৈনিক ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করতে হবে।

(খ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।

(গ) এসটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।

(ঘ) এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।

(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

২. **এম.এন. ডাইং, প্রিন্টিং এন্ড ওয়াশিং মিলস লিমিটেড; বানিয়ারচালা, ভবানীপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, ফেব্রিকস ও ইয়ার্ন ডাইং, প্রিন্টিং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে এসটিপি'র নির্মাণ অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য ১০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন এসটিপি নির্মাণ করতে হবে।

(খ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।
(গ) এসটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।
(ঘ) এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

৩. **গ্রামটেক নীট ডাইং ফিনিশিং এন্ড গার্মেন্টস ইন্ডাস্ট্রিজ লিমিটেড; সাওঘাট, ভুলতা, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, গ্রে ফেব্রিক্স ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি ও এসটিপি'র নির্মাণ অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার পয়ঃবর্জ্য পরিশোধনের জন্য ০৬ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন এসটিপি এবং তরল বর্জ্য পরিশোধনের জন্য ৬০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করতে হবে।
(খ) Sound Engineering Practice অনুসরণ করে এসটিপি নির্মাণ করতে হবে।
(গ) ইটিপি ও এসটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।
(ঘ) ইটিপি ও এসটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

৪. **আকিজ সিরামিকস লিমিটেড ইউনিট-২ (টেবিলওয়্যার); মোক্ষমপুর, ত্রিশাল, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিরামিক সামগ্রী প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি'র নির্মাণ অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ৫০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করতে হবে।
(খ) Sound Engineering Practice অনুসরণ করে ইটিপি নির্মাণ করতে হবে।
(গ) ইটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।
(ঘ) ইটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

৫. **আরন ডেনিম লিমিটেড; শুকরান, মির্জানগর, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ফেব্রিক্স ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে ইটিপি'র নির্মাণ অনুমোদনের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ অধিদপ্তরে দাখিলকৃত ডিজাইন মোতাবেক কারখানার তরল বর্জ্য পরিশোধনের জন্য ৬০ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ইটিপি নির্মাণ করতে হবে।
(খ) Sound Engineering Practice অনুসরণ করে ইটিপি নির্মাণ করতে হবে।
(গ) ইটিপি'র ইনলেট ও আউটলেটে Flow meter স্থাপন করতে হবে।
(ঘ) ইটিপি'র কার্যকারিতা পরিবীক্ষণে কারখানাটিতে ল্যাব স্থাপন ও পরিচালনার জন্য প্রশিক্ষিত জনবল নিয়োগ করতে হবে।
(ঙ) আগামী ১ (এক) মাসের মধ্যে Bangladesh Standard & Guidelines for Sludge Management Plan অনুসারে স্লাজ ব্যবস্থাপনা পরিকল্পনা দাখিল করতে হবে।

## (ছ) জিরো ডিসচার্জ প্লান অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **আল মুসলিম ওয়াশিং লিমিটেড; ১৪, গেন্ডা, কর্ণপাড়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস ওয়াশিং ও টিন্টিং/ওভার ডাইং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:
(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;
(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;
(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

২. **স্ট্যান্ডার্ড ওয়াশ লিমিটেড; বেড়াইদেরচালা, গিলারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

৩. **নাইস ডেনিম মিলস লিমিটেড; মাওনা উত্তরপাড়া, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য সভায় সুপারিশ গৃহীত হয়:

(ক) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্লানে উল্লিখিত সময়সীমার মধ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন করতে হবে;

(খ) প্রতিবছর ছাড়পত্র নবায়নকালে মূল ছাড়পত্রে উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়নের পাশাপাশি উক্ত সময়ে জিরো ডিসচার্জ ও 3R প্ল্যানে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে কী না তা নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা/অঞ্চল কার্যালয় পরবর্তী বছরের জন্য ছাড়পত্র নবায়ন করতে হবে;

(গ) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যানে যে কোনো ধরনের পরিবর্তনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি প্রয়োজন।

## (জ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: পরিবেশগত ছাড়পত্র

১. **রহমান ইমপেক্স ফিস এক্সপোর্ট লিমিটেড; ঘূর্ণী, সদর, যশোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফিস প্রসেসিং বা ফ্রোজেন ফিস): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

২. **বিসিক শিল্প নগরী; রাউজান, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিসিক শিল্প নগরী নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৭ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তার দাখিলকৃত আবেদন পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য বিসিক শিল্প নগরীতে নিম্নবর্ণিত সুবিধা না থাকায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে চট্টগ্রাম জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

(ক) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা;

(খ) Hazardous waste management

(গ) ইটিপি ও এসটিপি;

(ঘ) Green belt;

(ঙ) শিল্প নগরীর সার্বিক পরিবেশগত ব্যবস্থাপনার জন্য জনবল ও মনিটরিং সিস্টেম।

৩. **ঢাকা ন্যাশনাল মেডিকেল ইনস্টিটিউট হাসপাতাল; ৫৩/১, জনসন রোড, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মেডিকেল কলেজ ও হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত ব্যবস্থাদি গ্রহণের পর তার প্রমাণকসহ দাখিলের জন্য সদর দপ্তর হতে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) হাসপাতালের কঠিন বর্জ্য প্রিজমের কাছে হস্তান্তরের পূর্বে সংরক্ষণের জন্য একটি বদ্ধ রুমের ব্যবস্থা;

(খ) প্রকল্পের মাস্টার লে-আউট প্ল্যান/সাইট প্ল্যানে ইটিপি'র অবস্থান চিহ্নিত নির্দেশিকা;

(গ) হাসপাতালের এসটিপি বায়োলজিক্যাল পদ্ধতির হতে হবে এবং সংশোধিত ড্রইং ডিজাইন;

(খ) ক্ল্যারিফায়ার এর SOR বৃদ্ধি;

(গ) সেকেন্ডারী ক্ল্যারিফায়ার (প্লেইন ক্যালারিফায়ার) এর ইনলেট ও আউটলেটের ডিজাইন দাখিল।

৪. **পি.কিউ.এস প্রিন্টিং এন্ড এমব্রয়ডারি; কুনিয়া, কেবি বাজার, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স এমব্রয়ডারি ও স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন (ড্রেনেজ প্ল্যানসহ)।

৫. **মেসার্স এন আমিন ট্রেডার্স; দ্বাবারিয়া, শাহজাদপুর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৬. **মেসার্স এসফাম এনার্জি; বালিয়াপাড়া, আলামপুর, সদর, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পাইরোলাইটিক অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রতিষ্ঠানের অনুকূলে প্রদানকৃত অবস্থানগত ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ প্রতিপালন করা হয়েছে কী না সে সংক্রান্ত তথ্য কুষ্টিয়া জেলা কার্যালয় কর্তৃক পরিদর্শন ম্যানুয়াল ফরম্যাট অনুযায়ী প্রতিবেদন ছাড়পত্র কমিটিতে প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৭. **ময়নামতি মেডিকেল কলেজ ও হাসপাতাল; বারোপাড়া, চাপাপুর, কুচাইতলী রোড, আদর্শ সদর, কুমিল্লা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মেডিকেল কলেজ ও হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় পরিবেশগত ছাড়পত্রের আবেদনকৃত জায়গার দলিল ও খতিয়ানের ১০০ শতক পুকুর শ্রেণি এবং উক্ত পুকুর ভরাট করে হাসপাতালের চারদিকে বাউন্ডারী ও বহুতল ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। হাসপাতাল সৃষ্ট কঠিন ও তরল বর্জ্য পরিশোধন ব্যতিত পরিবেশে নির্গমণ করছে। এমতাবস্থায়, পুকুর ভরাট করে হাসপাতাল ভবন নির্মাণ এবং কঠিন বর্জ্য ও তরল বর্জ্য দ্বারা পরিবেশ দূষণ করায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে কুমিল্লা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৮. **এ্যাটলাস ফার্মাসিউটিক্যালস (ভেটেরিনারী ডিভিশন); বিলনেপালপাড়া, কণহার, পবা, রাজশাহী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভেটেরিনারী ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদান করবে।

৯. **মেঘনা সিমেন্ট মিলস লিমিটেড; মোংলা বন্দর শিল্প এলাকা, মোংলা, বাগেরহাট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিমেন্ট প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায়ে দেখা যায় আলোচ্য প্রতিষ্ঠানটি ইসিএ এলাকায় অবস্থিত। এমতাবস্থায় ইসিএ এলাকায় আলোচ্য সিমেন্ট কারখানাটির সম্প্রসারণ কার্যক্রমের বিষয়ে কোনো আইনগত বাধা আছে কী না সে বিষয়ে মতামত প্রদানের জন্য পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের আইন শাখা ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা শাখার মতামত গ্রহণের সুপারিশ গৃহীত হয়।

১০. **ফার্মিক ল্যাবরেটরীজ লিমিটেড; ১০/এ, মোহরা সিডিএ শিল্প এলাকা, ৫ নং মোহরা, চান্দগাঁও, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য চট্টগ্রাম মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) কারখানার উৎপাদিত তরল বর্জ্যের গুনগতমান (পরিশোধনোত্তর) পরীক্ষার ফলাফল;
(খ) উৎপাদিত পণ্যের তালিকা ও উৎপাদন প্রক্রিয়ার বিবরণ;
(গ) কারখানার লে-আউট প্ল্যান ও সাইট লোকেশন ম্যাপ।

১১. **ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল; পূর্ব শাহী ইদগাহ, সিলেট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য হাসপাতালের চিকিৎসা ও পয়ঃ তরল বর্জ্যের গুণগতমানের পরিবীক্ষণ ফলাফলের ভিত্তিতে এসটিপি'র ড্রইং, ডিজাইন দাখিলের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১২. **পমিজান মেটাল; গৌলি, কালিহাতী, টাঙ্গাইল** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কাঁদামাটি মিশ্রিত ওয়েস্টেজ (এসিড ফ্রি লেডড্রস) হতে সীসার বার বা ইনগট প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত তথ্যাদির উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদানের সুপারিশ গৃহীত হয়।

১৩. **রেনেসাঁ এ্যাপারেলস লিমিটেড; বিকে বাড়ি , মির্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র নিটিং, ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Post Aeration-এর প্রযোজ্য নয়;
(খ) ছাড়পত্র নবায়নের শর্তানুসারে পরিশোধিত তরল বর্জ্য পুনঃব্যবহারের ব্যবস্থা দাখিল।

১৪. **কলোটেক্স এ্যাপারেল লিমিটেড; দক্ষিণ সালনা, জয়দেবপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র নিটিং, ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য গাজীপুর জেলা থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) কারখানার বর্তমান উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণসহ ইএমপি প্রতিবেদন দাখিল করতে হবে;
(খ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন।

১৫. **এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড; ঘোনাপাড়া, সদর, গোপালগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য গোপালগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) কারখানার অনুকূলে বকেয়া ছাড়পত্র ফি ও ভ্যাট;
(খ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;
(গ) ইএমপি প্রতিবেদন।

১৬. **ঢাকা লুব অয়েল লিমিটেড; বানিয়াদি, মাসুমাবাদ, রুপগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লুব অয়েল পুনঃচক্রায়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, ছাড়পত্র কমিটি কর্তৃক পরিদর্শন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত পরিবেশগত ব্যবস্থাপনার না থাকায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদান করতে হবে।
(ক) কারখানার Oil-water separator নেই;
(খ) বায়ুদূষণ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থাপনা (APCS) নেই;
(গ) পেশাগত স্বাস্থ্য সুরক্ষা নেই;
(ঘ) উন্মুক্ত পদ্ধতিতে অতিরিক্ত জ্বালানির প্রজ্বলন;
(ঙ) অগ্নিজনিত দুর্ঘটনায় যথাযথ প্রতিরোধমূলক ব্যবস্থা।

১৭. **অ্যারন লেদার কমপ্লেক্স লিমিটেড; প্লট নং- ওয়াই ই-১৫, বিসিক চামড়া শিল্প নগরী, হরিণধরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওয়েট ব্লু লেদার ও ফিনিশড লেদার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত এবং সরজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটিতে Chrome Recovery Plant না থাকায় উদ্যোক্তার পরিবেশগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রদান করতে হবে।

## (ঝ) সুপারিশবিহীন ইআইএ-র কার্যপরিধি (ToR)

১. **গ্রীন মডেল টাউন আবাসিক প্রকল্প (২য় পর্ব); আমিন মোহাম্মদ ল্যান্ডস ডেভেলপমেন্ট লি:, মান্ডা, সবুজবাগ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসন প্রকল্প): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ প্রতিবেদনটি পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য ঢাকা মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) ইআইএ-এর সমীক্ষা দলের সকল সদস্যদের স্বাক্ষর অন্তর্ভুক্ত করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR)।

## (ঞ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: ইআইএ অনুমোদন

১. **One (01) Appraisal Well (Zakiganj-2) & One (01) Exploration Well (Zakiganj-3) Drilling Project by BAPEX** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কূপ অনুসন্ধান, খনন ও গ্যাস উত্তোলন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ'র উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

২. **Sustainable River Management in Panchagarh and Thakurgaon District by Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, নদীতীর সংরক্ষণসহ পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য

প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ'র উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৩. **Climate Change Adapted Development (CCAUD) Project (Phase-11) Under Khulna City Corporation** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বাঁধ নির্মাণ ও ড্রেজিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইআইএ প্রতিবেদনে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর বিধি-১৫ অনুযায়ী ফরম-৬ এবং বিধি-১৬ অনুযায়ী জনমত যাচাই সংক্রান্ত তথ্য, উপাত্ত দাখিল করা হয়নি বিধায় সংশোধিত আকারে ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৪. **Bangladesh Emergency Assistance Project, EAP (LGED Part)** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্কুল কাম মাল্টিপারপাস সাইক্লোন সেন্টার, বহুতল ভবন, ৫ কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট রাস্তা নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ইতঃপূর্বে অনুমোদিত ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুযায়ী নিম্নবর্ণিত তথ্যাদি ইআইএ প্রতিবেদনে সন্নিবেশিত হয়নি বিধায় সংশোধিত আকারে ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর বিধি-১৫ অনুযায়ী ফরম-৬
(খ) বিধি-১৬ অনুযায়ী জনমত যাচাই সংক্রান্ত তথ্য, উপাত্ত এবং পত্রিকায় বিজ্ঞপ্তির কপি;
(গ) (ক) ও (খ) সন্নিবেশনসহ সংশোধিত ইআইএ প্রতিবেদন।

৫. **বে ইকোনমিক জোন লিমিটেড; তেলিরচালা, মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অর্থনৈতিক অঞ্চল নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের সংশোধিত ইআইএ প্রতিবেদন দাখিলের পূর্বে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি-১৪ অনুসরণপূর্বক তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন গ্রহণ করা হয়নি। ফলে ইআইএ প্রণয়নের পূর্বে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR)।

৬. **গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত অধিকতর উন্নয়ন শীর্ষক প্রকল্প; গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অবকাঠামো উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পটি পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'লাল' শ্রেণিভুক্ত। ফলে এ ধরনের প্রকল্পের ছাড়পত্র প্রক্রিয়াকরণের ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি-১৪ অনুসরণপূর্বক তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন গ্রহণ করা আবশ্যক। ফলে ইআইএ প্রণয়নের পূর্বে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য গাজীপুর জেলা কার্যালয় থেকে থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR)।

## (ট) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: অবস্থানগত ছাড়পত্র

১. **পদ্মা কার্বন ইন্ডাস্ট্রিজ; কুমপাড় জোড়াব্রিজ, পালেরচর, জাজিরা, শরীয়তপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: চারকোল বা কার্বনগুড়া প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। বিস্তারিত পর্যালোচনান্তে, নিম্নবর্ণিত কারণে কারখানাটির ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি শরীয়তপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।
(ক) চুল্লিতে পাটখড়ি লোডিং ও উহার প্রজ্বলন ব্যবস্থাপনা সম্পূর্ণ ম্যানুয়াল পদ্ধতির;
(খ) চুল্লি হতে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পরিবেশসম্মত নয়;
(গ) পোড়া পাটখড়ি সংগ্রহ ও ক্রাশিংকরণের ফলে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা নেই;
(ঘ) কার্বন পাওডার স্থানান্তরণ ও ব্যাগিং ম্যানুয়াল পদ্ধতির;
(ঙ) কারখানায় কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষা যথাযথ নয়।

২. **সি.আই.টি. ফার্মাসিউটিক্যালস লিমিটেড; উল্লাপাড়া পশ্চিমপাড়া, উল্লাপাড়া, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৩ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা বরাবরে দেয় পত্রের চাহিত তথ্যাদি দাখিল না করায় অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সিরাজগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **মাঈন মাহদী ফিনিশিং এন্ড ফেব্রিক্স; ২৫/এ, জালকুড়ি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে পলিস্টার কাপড় রংকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায়

পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ড্রেনেজ প্ল্যানসহ ইটিপি'র ড্রইং, ডিজাইন ও ক্যালকুলেশন দাখিল করতে হবে।

৪. **এস এস এন্টারপ্রাইজ; রোয়াইল, রোয়াইল-১৮২২, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ব্যাটারি প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য কারখানাটিতে ব্যাটারি উৎপাদন করা হবে এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী ব্যাটারি প্রস্তুত লাল শ্রেণীভূক্ত (ক্রমিক নং-৩২)। এক্ষেত্রে আইইই চেকলিস্ট প্রযোজ্য নয়। এমতাবস্থায় নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য ঢাকা জেলা কার্যালয় থেকে থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী ইআইএ-র কার্যপরিধি (ToR)।

৫. **ইউনিসন ফার্মাসিউটিক্যাল লিমিটেড; নাগরকান্দি, মহাস্থান যাদুঘর, শিবগঞ্জ, বগুড়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ ফর্মুলেশন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য বগুড়া জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পূর্ণাঙ্গভাবে পূরণকৃত আইইই চেকলিস্ট;
(খ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;
(গ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান।

৬. **তিনা সোয়েটার লিমিটেড; ইসলামপুর, বাসন, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষুধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ'র উপর উদ্যোক্তা/ তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৭. **মেসার্স রাহা প্রিন্ট, ভাংনা, স্কুল রোড, ব্রাহ্মণকিত্তা, কেরানীগঞ্জ মডেল, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কাপড় প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পূর্ণাঙ্গভাবে পূরণকৃত আইইই চেকলিস্ট;
(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত তথ্য।

## (ঠ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: এপিসি/ ইটিপি/ এসটিপি-এর ডিজাইন অনুমোদন

১. **লেদার ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ লিমিটেড (ইউনিট-২); প্লট নং- ওয়াই ই ২২+ ওয়াই সি১+ ওয়াই সি২, বিসিক চামড়া শিল্প নগরী, হরিনধরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ক্রোম-ফ্রি ক্রাসড লেদার হতে ফিনিসড লেদার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৭ তম সভার কোয়রির আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত তথ্যাদি সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, উদ্যোক্তার দাখিলকৃত তথ্যাদিতে ইটিপি'র Design Parameter এবং কারখানা হতে সৃষ্ট তরল বর্জ্যের ফ্লো এবং গুণগতমান না থাকায় উদ্যোক্তার ইটিপি'র নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **ট্রেড ইন্টারন্যাশনাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড; রতনদি, বড়নগর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: এসি, ফ্রিজ, কালার টিভি, মাইক্রোওয়েভ ওভেন, ওয়াশিং মেশিন এসেম্বলিং, সিলিং ফ্যান প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি ও ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি ও ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী এসটিপি ও ইটিপি'র ড্রইং, ডিজাইন ক্যালকুলেশন।

৩. **কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড; বিসিক শিল্প নগরী, কুষ্টিয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গৃহস্থালী পণ্য প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ড্রইং, ডিজাইন ক্যালকুলেশন।

৪. **ডলফি আইসক্রিম ফ্যাক্টরি; পূর্ব বিজয় সিংহ, সদর, ফেনী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আইসক্রিম প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৫. **নাইস ডেনিম মিলস লিমিটেড; মাওনা উত্তরপাড়া, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Oil & Grease Trap, Screening, Grit chamber;

(খ) Activated Carbon Filter & Multigrade Filter স্থাপন।

৬. **ইয়াসিন নিটেক্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড; দক্ষিণ পানিশাইল, জিরানীবাজার, কাশিমপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি কাম এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি ও ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী প্রণীত না হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী এসটিপি ও ইটিপি'র ড্রইং, ডিজাইন ক্যালকুলেশন।

৭. **আম্বার ডেনিম মিলস লিমিটেড; জাঙ্গালিয়াপাড়া, বাংলাবাজার, ভাওয়াল মির্জাপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ফেব্রিক্স ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় সংশোধিত ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Clarifier-এর Inlet & Outlet flow ডিজাইন, ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ;

(খ) RAS দেখানো হয়নি;

(গ) Aeration tank-এর ছোট।

৮. **আকিজ ফুড এন্ড বেভারেজ লিমিটেড; আবদাকামাল, দুবাই বাজার, বাহুবল, হবিগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কার্বোনেটেড সফট ড্রিংক্স, ফ্রুটস জুস, মিনারেল ওয়াটার, ফুড কেক): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫২৬ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা/মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, উদ্যোক্তার দাখিলকৃত তথ্যাদিতে ইটিপি'র ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ হওয়ায় উদ্যোক্তার ইটিপি'র ডিজাইন অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে হবিগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৯. **ইনডেসার সোয়েটার লিমিটেড; ডেগেরচালা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কার্বোনেটেড সফট ড্রিংক্স, ফ্রুটস জুস, মিনারেল ওয়াটার, ফুড কেক): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, উদ্যোক্তার দাখিলকৃত তথ্যাদিতে এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর ৫২৫ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা/মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদান না করায় উদ্যোক্তার এসটিপি নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১০. **রীফ লেদার লিমিটেড; সিডিএ নেক্সাস শিল্প এলাকা, কালুরঘাট, চান্দগাঁও, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ক্রাস্ট ও ফিনিশড লেদার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, উদ্যোক্তার দাখিলকৃত তথ্যাদিতে ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর ৫২৪ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা/মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদান না করায় উদ্যোক্তার ইটিপি নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে চট্টগ্রাম মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

## (ড) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: জিরো ডিসচার্জ প্লান

১. **মেসার্স ই ও এস টেক্সটাইল মিলস লিমিটেড; প্লট নং- ১-৬, ১৭-২২, ডিইপিজেড বর্ধিত এলাকা, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র উইভিং, ডাইং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানার অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) জিরো ডিসচার্জ প্ল্যান এর বিস্তারিত বিবরণ দাখিল করতে হবে।

## (ঢ) বিবিধ

১. **নীট প্লাস লিমিটেড; মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: অ্যামব্রয়ডারি ও স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং গাজীপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক কারখানাটির অনুকূলে বিগত ১৮/০২/২০২১ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২১-৫৫৩৩৩ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র ৮ নং শর্তে উল্লেখিত ''কারখানাটি চালু অবস্থায় প্রতি তিন মাস অন্তর অন্তর অর্থাৎ বছরে ৪ (চার) বার কারখানা নির্গত তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, TSS, DO, BOD ও COD ) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে" শর্ত হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে ও সরজমিন পরিদর্শনের পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রতিষ্ঠানে জিরো ডিসচার্জ প্ল্যান শতভাগ বাস্তবায়ন করায় বিগত ১৮/০২/২০২১ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২১-৫৫৩৩৩ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের শুধুমাত্র ৮ নম্বর শর্ত বিলুপ্তপূর্বক নিম্নবর্ণিত শর্ত দ্বারা প্রতিস্থাপিত করতে হবে এবং অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক পরিমার্জিত পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

**প্রতিস্থাপিত শর্ত**: "কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিবেশে নির্গমন করা যাবে না; পরিশোধনপূর্বক পুনরায় উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহার করতে হবে"

২. **ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানি লিমিটেড; নিউ ডিওএইচএস রোড, মহাখালী, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সিগারেট প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র এবং ঢাকা মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটি অন্যত্র স্থানান্তরিত হওয়ায় উক্ত অবস্থানে কার্যক্রম স্থায়ীভাবে বন্ধ করায় ঢাকা বিভাগীয় কার্যালয় হতে বিগত ২৬/০৫/২০০৩ তারিখের পরিবেশ/ঢাবি/১৩৪/১২২০ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৩. **বিপিসিএল প্লিজ প্রজেক্ট; খন্দের ঘোষপাড়া, মিজমিজি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পুরাতন পেট বোতল সংগ্রহপূর্বক পৃথকীকরণ, সাইজিং ও প্যাকিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রতিষ্ঠানটিতে বিভিন্ন পুরাতন পেট বোতল সংগ্রহপূর্বক পৃথকীকরণ, সাইজিং ও প্যাকিং কার্যক্রম পরিচালনা করা হবে। যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৪. **সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড; দক্ষিণ পতেঙ্গা, পতেঙ্গা, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কন্টেইনার টার্মিনাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত প্রতিষ্ঠানের নাম পরিবর্তন সম্পর্কিত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের সপক্ষে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য চট্টগ্রাম মহানগর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড (ইস্ট) নামে বাণিজ্য মন্ত্রণালয়ের জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস কর্তৃক প্রদত্ত Memorandum and Articles of Association এর কপি;
(খ) পরিবর্তিত নামে ট্রেড লাইসেন্স ও বিডা'র নিবন্ধন কপি।

৫. **সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড; দক্ষিণ পতেঙ্গা, পতেঙ্গা, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কন্টেইনার টার্মিনাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত প্রতিষ্ঠানের নাম পরিবর্তন সম্পর্কিত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের সপক্ষে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য চট্টগ্রাম মহানগর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড (নর্থ) নামে বাণিজ্য মন্ত্রণালয়ের জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস কর্তৃক প্রদত্ত Memorandum and Articles of Association এর কপি;
(খ) পরিবর্তিত নামে ট্রেড লাইসেন্স ও বিডা'র নিবন্ধন কপি।

৬. **সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড; দক্ষিণ পতেঙ্গা, পতেঙ্গা, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কন্টেইনার টার্মিনাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত প্রতিষ্ঠানের নাম পরিবর্তন সম্পর্কিত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের সপক্ষে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য চট্টগ্রাম মহানগর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড (ওয়েস্ট) নামে বাণিজ্য মন্ত্রণালয়ের জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মস কর্তৃক প্রদত্ত Memorandum and Articles of Association এর কপি;
(খ) পরিবর্তিত নামে ট্রেড লাইসেন্স ও বিডা'র নিবন্ধন কপি।

৭. **ট্রিমকো (বাংলাদেশ) কোম্পানি লিমিটেড; শিরিরচালা, মোহনা, ভবানীপুর, সদর, গাজীপুর** [শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস এক্সেসরিজ (উইভিং লেবেল, প্রিন্টিং লেবেল, হ্যাংট্যাগ, স্টিকার/সাইজ ট্যাগ) প্রস্তুত]: উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী 'কমলা' (ক্রমিক নম্বর: ৭৩) শ্রেণি হিসেবে গাজীপুর জেলা কার্যালয় হতে  আলোচ্য প্রতিষ্ঠানের আবেদনটি নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৮. **সিনহা নীট ইন্ডাস্ট্রিজ লিমিটেড; তৈয়বপুর, জিরাবো, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং ঢাকা জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ২০ নভেম্বর ২০১৮ তারিখের অবস্থানগত ছাড়পত্র নং ১৮-১৪২৬৮ এর বরাতে জারীকৃত অবস্থানগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের নাম ঢাকা জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে কারখানার নাম পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

| প্রতিষ্ঠানের পুর্ব নাম | প্রতিষ্ঠানের বর্তমান নাম |
|---|---|
| সিনহা নীট ইন্ডাস্ট্রিজ লিমিটেড | **সিনহা ট্রেন্ডি নিটওয়্যার লি:** |

৯. **মেসার্স ফ্যাশন ডিজাইন; ১২২, আব্দুল গফুরখান রোড, শিলমুন, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: রেডিমেড গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও গাজীপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রকল্পের অনুকূলে গত ১৯ এপ্রিল ২০২২ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২২-৭৬২০৪ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠানের মালিকানা গাজীপুর জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিতভাবে পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ গৃহীত হয়:

| প্রতিষ্ঠানের পূর্বের মালিকের নাম | প্রতিষ্ঠানের বর্তমান মালিকের নাম |
|---|---|
| জনাব মো: সেলিম রেজা | **জনাব মোহাম্মদ সাইফুজ্জামান** |

১০. **কলোসাস এ্যাপারেল লিমিটেড; বাসন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কাটিং, সুইং ও ফিনিশিং প্রক্রিয়ায় বেবি আইটেম প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও গাজীপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী শুধু কাটিং, সুইং ও ফিনিশিং এর মাধ্যমে পোশাক প্রস্তুতের জন্য পরিবেশগত ছাড়পত্র প্রযোজ্য নয়। তবে ওয়াশিং, প্রিন্টিং, নিটিং এবং ডাইং করার জন্য উৎপাদন ক্ষমতা অনুসারে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

১১. **মেসার্স লায়লা স্টাইলস লিমিটেড; বাহাদুরপুর, ভাওয়াল মির্জাপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পোশাক প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী শুধু কাটিং, সুইং ও ফিনিশিং এর মাধ্যমে পোশাক প্রস্তুততের জন্য পরিবেশগত ছাড়পত্র প্রযোজ্য নয়। তবে ওয়াশিং, প্রিন্টিং, নিটিং এবং ডাইং করার জন্য উৎপাদন ক্ষমতা অনুসারে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

১২. **সিরাজগঞ্জ রাইফেলস শ্যুটিং একাডেমি; এস এস রোড, মুক্তিযোদ্ধা গলি, সদর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: শ্যুটিং একাডেমি নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পে জন্য ০.৫ (শূণ্য দশমিক পাঁচ) একর ভূমি উন্নয়ন করা হবে, যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে সিরাজগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

১৩. **অরোরা বিজনেস ম্যানেজমেন্ট; সোনামুখী, কাজীপুর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ধান, চাউল, গম, ভুট্টা গুদামজাত করে বিক্রয়): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের আওতায় ধান, চাউল, গম, ভুট্টা গুদামজাত করে বিক্রয় করা হবে, যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে সিরাজগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

১৪. **পাইওনিয়ার রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ; গোয়াতলা, তালদিঘী, তারাকান্দা, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পাইরোলাইটিক অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং ময়মনসিংহ জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক কারখানাটির অনুকূলে বিগত ১৪/০৫/২০২৩ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২৩-৯৮৭৭৬ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র ১০ নং শর্তে উল্লেখিত ‘‘কারখানার কার্যক্রম চালু করার জন্য বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স গ্রহণ করতে হবে” শর্ত হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে বিগত ১৪/০৫/২০২৩ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২৩-৯৮৭৭৬ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র ১০ নং শর্তে উল্লেখিত ‘‘কারখানার কার্যক্রম চালু করার জন্য বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স গ্রহণ করতে হবে” শর্ত বাতিলপূর্বক ময়মনসিংহ জেলা কার্যালয় হতে সংশোধিত ও পরিমার্জিত পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১৫. **এমকন ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড; মধ্য চারাবাগ, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিটুমিন আমদানী, মজুদ ও সরবরাহ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রতিষ্ঠানটিতে বিটুমিন আমদানী, মজুদ ও সরবরাহ কার্যক্রম পরিচালনা করা হবে। যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৬. **মন্ডল ইন্টিমেটস লিমিটেড; শিরিরচালা, ভবানীপুর, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লিঞ্জেরি গার্মেন্টস প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী শুধু কাটিং, সুইং ও ফিনিশিং এর মাধ্যমে পোশাক প্রস্তুততের জন্য পরিবেশগত ছাড়পত্র প্রযোজ্য নয়। তবে ওয়াশিং, প্রিন্টিং, নিটিং এবং ডাইং করার জন্য উৎপাদন ক্ষমতা অনুসারে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৭. **ডিমান্ড ফ্যাশন হাউজ; ৬৫/১, পশ্চি হাজীপাড়া, খিলগাঁও, চৌধুরীপাড়া, রামপুরা, ঢাকা** [শিল্প/প্রকল্প কার্যক্রম: পোশাক প্রস্তুত (কাটিং, সুইং, ফিনিশিং)]: উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী শুধু কাটিং, সুইং ও ফিনিশিং এর মাধ্যমে পোশাক প্রস্তুততের জন্য পরিবেশগত ছাড়পত্র প্রযোজ্য নয়। তবে ওয়াশিং, প্রিন্টিং, নিটিং এবং ডাইং করার জন্য উৎপাদন ক্ষমতা অনুসারে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে। বিষয়টি জানিয়ে ঢাকা মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১৮. **ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেড; ধামরাই ইউনিট (ইনসিনারেটর প্ল্যান্ট), কৃষ্ণপুরা, সাহাবেলীশ্বর, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বর্জ্য ইনসিনারেটর): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং ঢাকা জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক বিগত ১১/০২/২০২০ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২০-৩৬৮৪৮ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের ১৪ নং শর্তে উল্লেখিত ''কারখানাটি চালু অবস্থায় প্রতি তিন মাস অন্তর অন্তর অর্থাৎ বছরে ৪ (চার) বার কারখানার পরিবেষ্টক বায়ুর গুণগতমান পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে" শর্ত হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছে। পর্যালোচনান্তে, বিগত ১১/০২/২০২০ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২০-৩৬৮৪৮ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের ১৪ নং শর্ত রহিত করে নিম্নবর্ণিত শর্তাবলী সংযোজনপূর্বক ঢাকা জেলা কার্যালয় হতে সংশোধিত ও পরিমার্জিত পরিবেশগত ছাড়পত্র প্রদানের  সুপারিশ গৃহীত হয়:

(ক) বায়ু দূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুযায়ী স্ট্যাক নিঃসরণ (Stack Emission) পরিমাপের জন্য আলোচ্য বিদ্যুৎ কেন্দ্রের স্ট্যাকে প্রয়োজনীয় ফ্যাসিলিটি নির্মাণ করতে হবে।

(খ) বছরে ০১(এক) বার স্ট্যাক নিঃসরণ (PM, $SO_2$ এবং NOx) পরীক্ষাপূর্বক তার ফলাফল অত্র দপ্তরে দাখিল করতে হবে।

১৯. **সিনজেন্টা বাংলাদেশ লিমিটেড; দক্ষিণ সলিমপুর, ডিটি রোড, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: কীটনাশকের গোডাউন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী '**কমলা' (ক্রমিক নম্বর: ১৪)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট অঞ্চল কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

২০. **দেওয়ান মডেল জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার; সাওড়া, নশাসন, নড়িয়া, শরীয়তপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, অন্যান্য কাগজপত্র ও শরীয়তপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে শরীয়তপুর জেলা কার্যালয় কর্তৃক আলোচ্য প্রতিষ্ঠানের অনুকূলে বিগত ১০ মার্চ ২০২৪ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং ২৪-১১৭৮৪৪ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের ১ নং শর্তে উল্লিখিত হাসপাতালের শয্যা সংখ্যা ১০০ (একশত) এর স্থলে ২০ (বিশ) শয্যায় প্রতিস্থাপনপূর্বক অন্যান্য সকল শর্ত অপরিবর্তিত রেখে শরীয়তপুর জেলা কার্যালয় হতে পরিমার্জিত পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহিত হয়।

২১. **মেসার্স নিহান ট্রেডার্স; দক্ষিণ সোনাইছড়ি, শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আমদানীকৃত বিভিন্ন ধরনের মেশিনারিজ গুদামজাতকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রতিষ্ঠানটি আমদানীকৃত বিভিন্ন ধরণের মেশিনারিজ গুদামজাতকরণ হিসেবে পরিচালিত হবে, যা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং উক্ত বিধিমালার তফসিল-১৪ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণিবিভাগের নির্ণায়কও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২২. **পাবনা পিওর ফুড এন্ড বেভারেজ; মালিগাছা বাজার, সদর, পাবনা** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: হজমি ট্যাবলেট ও স্যালাইন প্রস্তুত ও প্যাকিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী '**সবুজ' (ক্রমিক নম্বর: ৮)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

২৩. **জিয়ান্ট বিডি সিনথেটিক কোং লিমিটেড; প্লট # ১৮-১৯ ও ২৭-২৮, বেপজা ইকনোমিক জোন, মিরসরাই, চট্টগ্রাম** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: সিনথেটিক পিইউ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৮১)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

২৪. **ড্রিম মাশরুম সেন্টার; বড়খড়ি, সত্যপুর, সদর, মাগুরা** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: মাশরুম পাউডার, মাশরুম ক্যাপসুল, মাশরুম ট্যাবলেট): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'হলুদ' (ক্রমিক নম্বর: ৯)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

২৫. **বে ইস্টার্ন কর্পোরেশন; সদর, বাগেরহাট** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: নারকেলের আঁশ হতে লগ, কয়ার পিথ, কয়ার ইয়ার্ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ১২)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

২৬. **অ্যাপটরিস লিমিটেড; অক্সিজেন রোড, ভাটিয়ারী, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: রাসায়নিক সার রি-প্যাকিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'হলুদ' (ক্রমিক নম্বর: ২২)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

২৭. **বেঙ্গল স্যাক কর্পোরেশন লিমিটেড; ১১/পি, কালুরঘাট ভারী শিল্প এলাকা, চান্দগাঁও, চট্টগ্রাম** (শিল্প/ প্রকল্প কার্যক্রম: পিপি ওভেন ব্যাগ, পিপি পেপার সিমেন্ট ব্যাগ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'সবুজ' (ক্রমিক নম্বর: ১২)** শ্রেণি হিসেবে আলোচ্য প্রকল্পের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

**নোট:**

সুপারিশকৃত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী উদ্যোক্তা কর্তৃক প্রযোজ্য ছাড়পত্র/ছাড়পত্র নবায়ন ফি ও ভ্যাট প্রদান নিশ্চিতপূর্বক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ইস্যু করতে হবে।

**মোঃ সামসুজ্জামান সরকার**
উপপরিচালক (ইআইএ)
ও
**সদস্যসচিব**

**একেএম রফিকুল ইসলাম**
পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও গবেষণা)
ও
**সদস্য**

**ফরিদ আহমেদ**
পরিচালক (ঢাকা মহানগর)
ও
**সদস্য**

**রাজিনারা বেগম**
পরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা)
ও
**সদস্য**

**মোঃ আবুল কালাম আজাদ**
পরিচালক (ঢাকা অঞ্চল)
ও
**সদস্য**

**মুহাম্মদ সোলায়মান হায়দার**
পরিচালক (ঢাকা গবেষণাগার)
ও
**সদস্য**

**মোঃ জিয়াউল হক**
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
**সদস্য**

**মাসুদ ইকবাল মোঃ শামীম**
পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
**আহবায়ক**